

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা ০৩.২২.০০০০.০৭৬.৪৫.০০১.২০.১০৯ তারিখ ০৩ ভাদ্র ১৪৩৩
১৮ আগস্ট ২০২৬

**প্রজ্ঞাপন**

রাজধানী ঢাকার চারপাশের নদ-নদীসমূহের (বুড়িগঙ্গা, তুরাগ, ধলেশ্বরী, বালু এবং শীতলক্ষ্যা) দূষণ নিয়ন্ত্রণের লক্ষ্যে উক্ত নদ-নদীসমূহ এবং তৎসংযুক্ত খাল, নালা, শিল্প ও গৃহস্থালি বর্জ্য নিঃসরণস্থল, অবৈধ/অননুমোদিত ড্রেন ও অন্যান্য দূষণের উৎসসমূহ শনাক্তকরণ, নিয়ন্ত্রণ, বর্জ্য অপসারণ, নদী ও খালের নাব্যতা ও পানির স্বাভাবিক প্রবাহ নিশ্চিতকল্পে, নদ-নদী পুনরুদ্ধার এবং দীর্ঘমেয়াদে পরিবেশ সংরক্ষণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

২। এ প্রেক্ষিতে উল্লিখিত নদ-নদীসমূহ এবং তৎসংযুক্ত খাল, নালা ও ড্রেনসমূহের দুষণ নিয়ন্ত্রণ, সংরক্ষণ ও ব্যবস্থাপনা কার্যক্রমের নীতি নির্ধারণ, নির্দেশনা প্রদান, আন্তঃমন্ত্রণালয় সমন্বয় এবং তদারকির জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীনে **'রাজধানী ঢাকার চারপাশের নদীসমূহের দূষণ নিয়ন্ত্রণ, সংরক্ষণ ও ব্যবস্থাপনা'** শীর্ষক কার্যক্রমের জন্য ০১টি **'কেন্দ্রীয় সেল'** এবং উক্ত সেলের অধীনে ০৩টি **'সাব-কমিটি'** নিম্নরূপে গঠন করা হলো:

**(ক) কেন্দ্রীয় সেল:**

**মাননীয় মন্ত্রী/ প্রতিমন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়; স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়; এবং নৌপরিবহন মন্ত্রণালয় কেন্দ্রীয় সেলের সম্মানিত উপদেষ্টামণ্ডলী হিসেবে দায়িত্ব পালন করবেন এবং বাংলাদেশ নৌবাহিনী সমন্বয়কারী হিসেবে দায়িত্ব পালন করবে। কেন্দ্রীয় সেলের গঠন নিম্নরূপ** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

| | | | |
|---|---|---|---|
| ১. | প্রধানমন্ত্রীর মুখ্য সচিব | : | আহ্বায়ক |
| ২. | সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |
| ৩. | নৌবাহিনীর প্রতিনিধি (রিয়ার এডমিরাল পদবীর কর্মকর্তা) | : | সদস্য |
| ৪. | সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় | : | সদস্য |
| ৫. | সচিব, শিল্প মন্ত্রণালয় | : | সদস্য |
| ৬. | সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | : | সদস্য |
| ৭. | সচিব, বানিজ্য মন্ত্রণালয় | : | সদস্য |
| ৮. | সচিব, আইন ও বিচার বিভাগ | : | সদস্য |
| ৯. | সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ | : | সদস্য |
| ১০. | সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় | : | সদস্য |
| ১১. | সচিব, স্থানীয় সরকার বিভাগ | : | সদস্য |
| ১২. | সচিব, অর্থ বিভাগ | : | সদস্য |
| ১৩. | সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | : | সদস্য |
| ১৪. | সচিব, পরিকল্পনা বিভাগ | : | সদস্য |

| | | |
|---|---|---|
| ১৫. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | : | সদস্য |
| ১৬. মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর | : | সদস্য |
| ১৭. মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড | : | সদস্য |
| ১৮. মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ | : | সদস্য |
| ১৯. চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন | : | সদস্য |
| ২০. চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ | : | সদস্য |
| ২১. মহাপরিচালক, পানি উন্নয়ন বোর্ড | : | সদস্য |
| ২২. চেয়ারম্যান, রাজউক | : | সদস্য |
| ২৩. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা | : | সদস্য |
| ২৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা সিটি কর্পোরেশন উত্তর | : | সদস্য |
| ২৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা সিটি কর্পোরেশন দক্ষিণ | : | সদস্য |
| ২৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন | : | সদস্য |
| ২৭. প্রধান নির্বাহী কর্মকর্তা,গাজীপুর সিটি কর্পোরেশন | : | সদস্য |
| ২৮. ডিআইজি নৌপুলিশ | : | সদস্য |
| ২৯. বিভাগীয় কমিশনার, ঢাকা | : | সদস্য |
| ৩০. এটর্নি জেনারেল অব বাংলাদেশ এর প্রতিনিধি | : | সদস্য |
| ৩১. জেলা প্রশাসক ঢাকা, নারায়ণগঞ্জ ও গাজীপুর | : | সদস্য |
| ৩২. সভাপতি, বিজিএমইএ | : | সদস্য |
| ৩৩. সভাপতি, বিকেএমইএ | : | সদস্য |
| ৩৪. সভাপতি, ট্যানারী মালিক সমিতি | : | সদস্য |
| ৩৫. সভাপতি, ডকইয়ার্ড এসোসিয়েশন | : | সদস্য |
| ৩৬. এনজিও (পরিবেশ অধিদপ্তর কর্তৃক মনোনীত) | : | সদস্য |

**কেন্দ্রীয় সেলের কার্যপরিধি (TOR)**

(১) গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য কেন্দ্রীয় সেলের অধীনে নিম্নলিখিত ৩ টি আলাদা সাব-কমিটি গঠন করা হলোঃ

(ক) সাব-কমিটি-১: শিল্প বর্জ্যসহ সকল বর্জ্যের উৎসমুখ নিয়ন্ত্রণ বাস্তবায়ন সাব-কমিটি।
(খ) সাব-কমিটি-২: খাল ও ড্রেনের বর্জ্য অপসারণ, পুনরুদ্ধার ও পানির প্রবাহ নিশ্চিতকরণ সাব-কমিটি।
(গ) সাব-কমিটি-৩: নদীর তলদেশে সঞ্চিত স্থায়ী বর্জ্য অপসারণসহ দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণ সাব-কমিটি।

(২) সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/ সংস্থাসমূহকে পত্র প্রেরণের মাধ্যমে কেন্দ্রীয় সেল কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন এবং প্রয়োজনীয় জনবল, যানবাহন, জলযান ও অন্যান্য সরঞ্জামাদি প্রদানের জন্য নির্দেশনা প্রদান;
(৩) প্রতি মাসে সাব-কমিটিসমূহের কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা এবং মাননীয় প্রধানমন্ত্রীর নিকট উপস্থাপন;

(৪) দীর্ঘমেয়াদী পরিকল্পনার অংশ হিসেবে প্রয়োজন অনুযায়ী সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ সংস্থার মাধ্যমে প্রকল্প প্রস্তাবনা (DPP) প্রণয়ন ও অর্থ বরাদ্দের অগ্রাধিকার নিরূপণ;

(৫) জনসচেতনতা বৃদ্ধিতে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াতে প্রচারনার ব্যবস্থাপনা;

(৬) নৌপরিবহন মন্ত্রনালয়ের অধীনে ঢাকার চারপাশে Circular Waterway সংশ্লিষ্ট কার্যক্রমের সমন্বয় সাধন;

(৭) বুড়িগঙ্গা ও তৎসংলগ্ন নদীসমূহের দূষণ নিয়ন্ত্রণ, সংরক্ষণ ও ব্যবস্থাপনা সম্পর্কিত চলমান প্রকল্পসমূহ পর্যালোচনা ও সমন্বয়করণ; এবং

(৮) অন্যান্য সংশ্লিষ্ট কার্যক্রম (প্রয়োজন অনুযায়ী)।

**(খ) <u>সাব-কমিটি-১ (শিল্প বর্জ্যসহ সকল বর্জ্যের উৎসমুখ নিয়ন্ত্রণ বাস্তবায়ন সাব-কমিটি):</u>**

**মাননীয় মন্ত্রী/ প্রতিমন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় উক্ত কমিটির সম্মানিত উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করবেন।** সাব-কমিটি-১ এর সকল কার্যক্রম পরিচালনার জন্য **'পরিবেশ অধিদপ্তর'** মূল তত্ত্বাবধায়ক সংস্থা (Lead Agency) হিসেবে কাজ করবে। সাব-কমিটি-১ এর গঠন নিম্নরূপ: **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | | |
|---|---|---|---|
| ১. | মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর | : | আহ্বায়ক |
| ২. | নৌবাহিনীর প্রতিনিধি (যুগ্মসচিব সমমর্যাদার) | : | সদস্য |
| ৩. | প্রতিনিধি, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (যুগ্মসচিব এর নিচে নয়) | : | সদস্য |
| ৪. | উপ-মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড | : | সদস্য |
| ৫. | উপ-মহাপরিদর্শক, ঢাকা রেঞ্জ, বাংলাদেশ পুলিশ | : | সদস্য |
| ৬. | উপ-মহাপরিদর্শক, নৌ পুলিশ | : | সদস্য |
| ৭. | প্রতিনিধি, বিআইডব্লিউটিএ (যুগ্মসচিব এর নিচে নয়) | : | সদস্য |
| ৮. | প্রতিনিধি, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা (যুগ্মসচিব এর নিচে নয়) | : | সদস্য |
| ৯. | প্রতিনিধি, জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা/গাজীপুর/ নারায়ণগঞ্জ | : | সদস্য |
| ১০. | প্রতিনিধি, শিল্প মন্ত্রণালয় (যুগ্মসচিব এর নিচে নয়) | : | সদস্য |
| ১১. | প্রতিনিধি, সিটি কর্পোরেশন, ঢাকা উত্তর/ ঢাকা দক্ষিণ/গাজীপুর/নারায়ণগঞ্জ (উপযুক্ত প্রতিনিধি) | : | সদস্য |
| ১২. | প্রতিনিধি, কারখানা পরিদর্শন অধিদপ্তর (যুগ্মসচিব এর নিচে নয়) | : | সদস্য |
| ১৩. | প্রতিনিধি, বিজিএমইএ | : | সদস্য |
| ১৪. | প্রতিনিধি, বিকেএমইএ | : | সদস্য |
| ১৫. | সভাপতি নৌযান মালিক সমিতি | : | সদস্য |
| ১৬. | প্রতিনিধি, ডকইয়ার্ড এসোসিয়েশন | : | সদস্য |
| ১৭. | চেয়ারম্যান, সাভার/টঙ্গী পৌরসভা | : | সদস্য |

**<u>সাব-কমিটি ১ এর কার্যপরিধি (TOR)</u>**

(১) সাব-কমিটির কর্মপরিকল্পনা প্রণয়ন;

(২) সংশ্লিষ্ট সকল সংস্থা এবং শিল্প প্রতিষ্ঠান/ কারখানা মালিকবৃন্দের সাথে মতবিনিময়, প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং সংশ্লিষ্ট সকল শিল্প প্রতিষ্ঠান/ কারখানাসমূহকে নদী দূষণের উৎসমুখ নিয়ন্ত্রণে দূষণকারী শিল্প কারখানার উৎসমুখ তালিকা সময়ে সময়ে হালনাগাদকরণ;

(৩) নদীসমূহে চলাচলকারী জলযানসমূহ হতে বর্জ্য নিষ্কাশনের মাধ্যমে নদী দূষণরোধে কার্যকর পদক্ষেপ গ্রহণ;
(৪) দূষণকারী প্রতিষ্ঠান, শিল্প কারখানা ও জলযানসমূহ নিয়মিত পরিদর্শন এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ;
(৫) নিয়মিত টহল (দিবা ও নৈশ) পরিচালনার মাধ্যমে নদীপথে দূষণরোধ ও নিরাপত্তা নিশ্চিতকরণ;
(৬) জলযানসমূহ হতে Bilge অপসারণের জন্য প্রধান নদীবন্দরসমূহে Bilge অপসারণ সুবিধা প্রস্তুত/ স্থাপনে সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক পরিকল্পনা গ্রহণ;
(৭) সাব-কমিটির কার্যক্রমের অগ্রগতি নিয়মিতভাবে কেন্দ্রীয় সেলের নিকট উপস্থাপন।

(গ) **সাব-কমিটি ২ (খাল ও ড্রেনের বর্জ্য অপসারণ, নদ-নদী পুনরুদ্ধার ও পানির প্রবাহ নিশ্চিতকরণ সাব-কমিটি):**

**মাননীয় মন্ত্রী/ প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় উক্ত কমিটির সম্মানিত উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করবেন।** সাব-কমিটি ২ এর সকল কার্যক্রম পরিচালনার জন্য **'স্থানীয় সরকার বিভাগ'** মূল তত্ত্বাবধায়ক সংস্থা (Lead Agency) হিসেবে কাজ করবে। সাব-কমিটি ২ এর গঠন নিম্নরূপ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | | |
|---|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ | : | আহ্বায়ক |
| ২. | নৌবাহিনীর প্রতিনিধি (যুগ্মসচিব এর সমমর্যাদার) | : | সদস্য |
| ৩. | প্রতিনিধি, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (যুগ্মসচিব এর নিচে নয়) | : | সদস্য |
| ৪. | রিজিওনাল কমান্ডার সেন্টার, বাংলাদেশ কোস্ট গার্ড | : | সদস্য |
| ৫. | উপ-মহাপরিদর্শক, ঢাকা রেঞ্জ, বাংলাদেশ পুলিশ | : | সদস্য |
| ৬. | উপ-মহাপরিদর্শক, নৌ পুলিশ | : | সদস্য |
| ৭. | প্রতিনিধি, পরিবেশ অধিদপ্তর (যুগ্মসচিব এর নিচে নয়) | : | সদস্য |
| ৮. | প্রতিনিধি, পানি উন্নয়ন বোর্ড (যুগ্মসচিব এর নিচে নয়) | : | সদস্য |
| ৯. | প্রতিনিধি, স্বাস্থ্য সেবা বিভাগ (যুগ্মসচিব এর নিচে নয়) | : | সদস্য |
| ১০. | প্রতিনিধি, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ | : | সদস্য |
| ১১. | প্রতিনিধি, জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা/গাজীপুর/ নারায়ণগঞ্জ | : | সদস্য |
| ১২ | প্রতিনিধি, ঢাকা ওয়াসা | : | সদস্য |
| ১৩ | প্রতিনিধি, সিটি কর্পোরেশন, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ/ গাজীপুর/নারায়ণগঞ্জ | : | সদস্য |
| ১৪. | চেয়ারম্যান, সাভার/টঙ্গী পৌরসভা | : | সদস্য |
| ১৫ | প্রতিনিধি, বিজিএমইএ | : | সদস্য |
| ১৬ | প্রতিনিধি, বিকেএমইএ | : | সদস্য |

**সাব-কমিটি ২ এর কার্যপরিধি (TOR)**

(১) সাব-কমিটির কর্মপরিকল্পনা প্রণয়ন;
(২) সংশ্লিষ্ট বিভিন্ন সংস্থা, স্থানীয় জনপ্রতিনিধিবৃন্দ এবং শিল্প প্রতিষ্ঠান/কারখানা মালিকবৃন্দের সাথে মতবিনিময় সভা আয়োজন;

(৩) সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/ পৌরসভা/ ওয়াসা কর্তৃক পর্যায়ক্রমে খাল ও ড্রেনের বর্জ্য অপসারণ, মেডিকেল বর্জ্য অপসারণ, নদী পুনরুদ্ধার ও পানির প্রবাহ নিশ্চিতকরণ;
(৪) মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনার অংশ হিসেবে খাল ও ড্রেনসমূহের পাশে শোধন ব্যবস্থা (STP, ETP, Waste-to-Energy Plant) স্থাপনের কার্যক্রম গ্রহণ;
(৫) নিয়মিতভাবে সাব-কমিটির কার্যক্রমের অগ্রগতি কেন্দ্রীয় সেলের নিকট উপস্থাপন।

**(ঘ) সাব-কমিটি ৩ (নদীর তলদেশে সঞ্চিত স্থায়ী বর্জ্য অপসারণসহ দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণ সাব-কমিটি):**

**মাননীয় মন্ত্রী/ প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয় উক্ত কমিটির সম্মানিত উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করবেন।** সাব-কমিটি ৩ এর সকল কার্যক্রম পরিচালনার জন্য **'বিআইডব্লিউটিএ'** মূল তত্ত্বাবধায়ক সংস্থা (Lead Agency) হিসেবে কাজ করবে। সাব-কমিটি ৩ এর গঠন নিম্নরূপ: **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | | |
|---|---|---|---|
| ১. | চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ | : | আহ্বায়ক |
| ২. | নৌবাহিনীর প্রতিনিধি (যুগ্মসচিব এর সমমর্যাদার) | : | সদস্য |
| ৩. | প্রতিনিধি, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (যুগ্মসচিব এর নিচে নয়) | : | সদস্য |
| ৪. | পরিচালক (অপারেশন্স), বাংলাদেশ কোস্ট গার্ড | : | সদস্য |
| ৫. | প্রতিনিধি, ঢাকা রেঞ্জ, বাংলাদেশ পুলিশ | : | সদস্য |
| ৬. | নৌ পুলিশ ঢাকা (উপযুক্ত প্রতিনিধি) | : | সদস্য |
| ৭. | প্রতিনিধি, পরিবেশ অধিদপ্তর (যুগ্মসচিব এর নিচে নয়) | : | সদস্য |
| ৮. | প্রতিনিধি, পানি উন্নয়ন বোর্ড (যুগ্মসচিব এর নিচে নয়) | : | সদস্য |
| ৯. | প্রতিনিধি, স্বাস্থ্য সেবা বিভাগ (যুগ্মসচিব এর নিচে নয়) | : | সদস্য |
| ১০. | প্রতিনিধি, জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা/গাজীপুর/ নারায়ণগঞ্জ | : | সদস্য |
| ১১. | প্রতিনিধি, ঢাকা ওয়াসা (যুগ্মসচিব এর নিচে নয়) | : | সদস্য |
| ১২. | প্রতিনিধি, সিটি কর্পোরেশন, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ/ গাজীপুর/নারায়ণগঞ্জ | : | সদস্য |
| ১৩. | প্রতিনিধি, জাতীয় নদী রক্ষা কমিশন | : | সদস্য |
| ১৪. | চেয়ারম্যান, সাভার/টঙ্গী পৌরসভা | : | সদস্য |

**সাব-কমিটি ৩ এর কার্যপরিধি (TOR)**

(১) সাব-কমিটির কর্মপরিকল্পনা প্রণয়ন এবং সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও সংস্থার সাথে মতবিনিময় সভা আয়োজন;
(২) সংশ্লিষ্ট সংস্থার মাধ্যমে ড্রেজিং এর জন্য প্রয়োজনীয় সার্ভের মাধ্যমে তথ্য উপাত্ত সংগ্রহ;
(৩) সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক নদীর তলদেশ হতে স্থায়ী বর্জ্য উত্তোলনপূর্বক নিরাপদ স্থানে ডাম্পিং এর ব্যবস্থা করা;
(৪) সংশ্লিষ্ট সংস্থা, স্থানীয় জনগণ, এনজিও, স্বেচ্ছাসেবী সংগঠনকে সম্পৃক্ত করতঃ নদীর নাব্যতা রক্ষা ও দূষণ নিয়ন্ত্রণ;
(৫) দীর্ঘমেয়াদী পরিকল্পনার অংশ হিসেবে প্রয়োজন অনুযায়ী সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ সংস্থার মাধ্যমে প্রকল্প প্রস্তাবনা (DPP) প্রণয়ন ও অর্থ বরাদ্দের অগ্রাধিকার নিরূপণ;

(৬) সাব-কমিটির কার্যক্রমের অগ্রগতি নিয়মিতভাবে কেন্দ্রীয় সেলের নিকট উপস্থাপন।

(ঙ) সরকারের সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর, সংস্থা, স্থানীয় সরকার প্রতিষ্ঠান, আইন প্রয়োগকারী সংস্থা এবং অন্যান্য কর্তৃপক্ষকে এই কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(চ) কেন্দ্রীয় সেল ও সাব-কমিটিসমূহ প্রয়োজনে যে কোন সংস্থা এবং নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

(ছ) এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৮.০৮.২০২৬

(মোহাম্মদ হেলাল উদ্দিন)
মহাপরিচালক-৩
ফোনঃ ৫৫০২৯৪৫৭
ই-মেইলঃ dg3@pmo.gov.bd

**বিতরণঃ অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। নৌবাহিনী প্রধান, নৌ বাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা।
৪। এটর্নি জেনারেল, সুপ্রীমকোর্ট ভবন, ঢাকা।
৫। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬-১৭। সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়/শিল্প মন্ত্রণালয়/তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়/বাণিজ্য মন্ত্রণালয়/ আইন ও বিচার বিভাগ/স্বাস্থ্য সেবা বিভাগ/ নৌপরিবহন মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ/ অর্থ বিভাগ/ অর্থনৈতিক সম্পর্ক বিভাগ/ পরিকল্পনা বিভাগ/ পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা ।
১৯। মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
২০-২২। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর/পানি উন্নয়ন বোর্ড/ বাংলাদেশ কোস্ট গার্ড, ঢাকা।
২৩-২৫। চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন/ রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ/বিআইডব্লিউটিএ, ঢাকা।
২৬। কমান্ডার ঢাকা নৌ অঞ্চল, বাংলাদেশ নৌ বাহিনী।
২৭। বিভাগীয় কমিশনার, ঢাকা।
২৮। ডিআইজি, নৌ পুলিশ, ঢাকা।
২৯। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা।
৩০-৩৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা সিটি কর্পোরেশন উত্তর/ ঢাকা সিটি কর্পোরেশন দক্ষিণ/ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন/ গাজীপুর সিটি কর্পোরেশন।
৩৪-৩৬। জেলা প্রশাসক, ঢাকা/ নারায়ণগঞ্জ/গাজীপুর।
৩৭-৩৯। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী, পরিবেশ/স্থানীয়/নৌপরিবহন মন্ত্রণালয়-এর একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস), তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং গেজেটের ১০০ কপি প্রেরণের অনুরোধসহ) ।
৪১-৪৪। সভাপতি, বিজিএমইএ/ বিকেএমইএ/ ট্যানারী মালিক সমিতি/ডকইয়ার্ড এসোসিয়েশন।
৪৫। প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪৬। অফিস কপি।